



বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

“বোয়েসেল নৈতিক, নিরাপদ ও দক্ষ অভিবাসন নিশ্চিত করে”

স্থাপিত - ১৯৮৪



সরকারিভাবে জর্ডান- এর গার্মেন্টস কোম্পানি ক্লাসিক ফ্যাশন -এ পুরুষ/মহিলা কর্মী নিয়োগ।

স্মারক নং- ৪৯.০২.০০০০.০০০.১১.০০৩.২২- ১১৬

তারিখ : ০১.০৩.২০২৬ খ্রিস্টাব্দ

বোয়েসেল- এর মাধ্যমে জর্ডানস্থ Classic Fashion কোম্পানিতে নিম্নবর্ণিত পদে দক্ষ পুরুষ/মহিলা কর্মী নিয়োগ করা হবে :

ক্রমিক নং	পদের নাম	লিঙ্গ	পদ সংখ্যা	বয়স (বছর)	বেতন (জর্ডানি দিনার)	শিক্ষাগত যোগ্যতা/ অভিজ্ঞতা	আবেদনের মাধ্যম
০১	কোয়ালিটি সুপারভাইজার (Quality Supervisor)	পুরুষ/মহিলা	১০	২৫- ৩৮	৩৫০	সংশ্লিষ্ট কাজে (গার্মেন্টস ফ্যাক্টরিতে) সর্বনিম্ন ০৫ বছরের অভিজ্ঞতা। (কাজের ভিডিও আবশ্যিক)	অনলাইন। অনলাইনে আবেদনের ক্ষেত্রে আবেদনকারীকে অবশ্যই আবেদন ফি বাবদ ১০০ টাকা চার্জ পরিশোধ করতে হবে
০২	প্রডাকশন সুপারভাইজার (Production Supervisor)	পুরুষ/মহিলা	১০	২৫- ৩৮	৩৫০		
০৩	রাফু মেকার (Rafu Makers) (menders)	পুরুষ/মহিলা	১৫	২৫- ৩৮	২২৫		

চাকরির শর্তাবলি:

- (১) চাকরির চুক্তি ৩ (তিন) বৎসর (নবায়নযোগ্য)।
- (২) দৈনিক ১০ (দশ) ঘণ্টা ডিউটি, সপ্তাহে ৬ (ছয়) দিন।
- (৩) নিয়োগকর্তা কর্তৃক থাকা, খাওয়া ও প্রাথমিক চিকিৎসা এবং পরিবহনের ব্যবস্থা করা হবে।
- (৪) চাকরিতে যোগদানের বিমান ভাড়া এবং তিন বছর চাকরি শেষে দেশে ফিরে আসার বিমান ভাড়া নিয়োগকর্তা বহন করবে।
- (৫) যাদের বিরুদ্ধে দেশে বা জর্ডানে কোনো ফৌজদারি মামলা আছে, তারা নিয়োগের অনুপযুক্ত হবে।
- (৬) একাধিক পাসপোর্ট থাকলে সঙ্গে আনতে হবে।
- (৭) অন্যান্য শর্ত জর্ডানের শ্রম আইন অনুযায়ী প্রযোজ্য হবে।

বোয়েসেল- এর সার্ভিস চার্জ ও অন্যান্য খরচ :

নির্বাচিত কর্মীদের বোয়েসেল- এর সার্ভিস চার্জ, বহির্গমন ট্যাক্স, সার্ভিস চার্জের ১৫% ভ্যাট, বোয়েসেল-এর রেজিস্ট্রেশন ফি, জীবন বিমা এবং ওয়েজ আর্নান্স কল্যাণ ফি বাবদ সমুদয় খরচ কোম্পানি বহন করবে। তবে মেডিকেল ফি ও ফিঙ্গার প্রিন্টের ফি নির্বাচিত কর্মীদের বহন করতে হবে। জর্ডানে গমন করার পর প্রার্থীর মেডিকেল ফি ও ফিঙ্গার প্রিন্টের ফি বাবদ খরচের টাকা কোম্পানি কর্তৃক কর্মীকে ফেরত প্রদান করা হবে।

সাক্ষাৎকারের সময় যা অবশ্যই সঙ্গে আনতে হবে :

- (১) ৪ (চার) কপি পাসপোর্ট সাইজ রঙিন ছবি (ব্যাক গ্রাউন্ড সাদা)
 - (২) মূল পাসপোর্ট ও মূল পাসপোর্টের ছবিযুক্ত অংশের ১০ (দশ) সেট রঙিন ফটোকপি
 - (৩) ভোটার আইডি কার্ড / জন্ম নিবন্ধন
 - (৪) শিক্ষাগত / অভিজ্ঞতার সনদ (যদি থাকে)
 - (৫) Bio-data (জীবন বৃত্তান্ত)।
- আগ্রহী প্রার্থীদের নিম্নোল্লিখিত লিংক এর মাধ্যমে আবেদন করতে হবে। ইন্টারভিউ এর তারিখ ও সময় পরবর্তীতে এসএমএস এর মাধ্যমে জানানো হবে। এ সংক্রান্ত যে কোনো তথ্যের জন্য ০২৪৮৩১৯১২৫ ও ০২৪৮৩১৭৫১৫ এবং প্রবাস বন্ধু কল সেন্টার : ১৬১৩৫ [টোল ফ্রি] নম্বরে যোগাযোগ করা যেতে পারে।

অনলাইনে আগামী ০৫ মার্চ, ২০২৬ তারিখ বিকাল ৫:০০ টা পর্যন্ত আবেদন করা যাবে। নির্ধারিত তারিখ ও সময় পরে সিস্টেমটি স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে।

বি.দ্র. ইন্টারভিউ এর সময় অবশ্যই সংশ্লিষ্ট কাজের ভিডিও সঙ্গে নিয়ে আসতে হবে।

অনলাইন আবেদন লিংক: <https://brms.boesl.gov.bd/>

৫২৭
১৬/০২/২০২৬

অফিস ঠিকানা :

প্রবাসী কল্যাণ ভবন (৫ম তলা)
৭১-৭২, ইন্টারন্যাশনাল গার্ডেন
রমনা, ঢাকা-১০০০, বাংলাদেশ।

১৬/০২/২০২৬

মোঃ হাবিবুল্লাহ খান
ব্যবস্থাপক
বোয়েসেল ঢাকা

ISO 9001:2015



যোগাযোগ নম্বর :

ফোন : +৮৮-০২-৫৮৩১৮৩৮, ৪৮৩১৯৯
ফ্যাক্স : +৮৮-০২-৯৩৩০৬৫২, +৮৮-০২-৫৮৩১-৬৫৭৭
ই-মেইল : info@boesl.gov.bd
ওয়েব : www.boesl.gov.bd

এস. এম. শফিক কামাল

সিনিয়র স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ার (পিএবিএক্স)